

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৬

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৮

২২ মে ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ

### ঘূর্ণিঝড়ের সতর্কবার্তা

উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে। এটি ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে। পরবর্তীতে এটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে ২৬ মে ২০২১ নাগাদ উড়িষ্যা-পশ্চিমবঙ্গ-বাংলাদেশের খুলনা উপকূলে পৌঁছতে পারে।

সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে। সেইসাথে গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলার সমূহকে ২৩ মে ২০২১ তারিখের মধ্যে উপকূলে ফিরে আসতে বলা হয়েছে।

আজ ২২ মে ২০২১ খ্রিঃ সকাল ০৯:০০ হতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, বগুড়া, পাবনা, কুষ্টিয়া, ময়মনসিংহ, টাংগাইল, সিলেট এবং কুমিল্লা অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

২২ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

**সিনপটিক অবস্থাঃ** পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে, এর বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে।

**পূর্বাভাসঃ** রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং যশোর, কুষ্টিয়া, কুমিল্লা ও সিলেট অঞ্চলসহ রাজশাহী ও ঢাকা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুল্ক থাকতে পারে।

**তাপপ্রবাহঃ** রাজামাটি, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, মৌলভীবাজার, ফেনী ও পাবনা জেলাসহ ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** এই সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি এবং

তাপমাত্রা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৮.৫	৩৪.৫	৩৮.০	৩৬.৩	৩৬.২	৩৪.৪	৩৯.০	৩৮.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.৫	২৭.৫	২৪.৫	২৫.২	২৪.৮	২৩.০	২৫.৮	২৭.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল খুলনা ৩৯.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সৈয়দপুর ২৩.০° সেঃ।  
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

### বজ্রপাতের তথ্যঃ

গত ২১/০৫/২০২১ খ্রিঃ তারিখে বজ্রপাতে ২ জন নিহত হয়েছে। নিহতদের তালিকা নিম্নে দেয়া হলো-

ক্রঃ নং	জেলা	নাম ও ঠিকানা	ঘটনার সময় ও তারিখ	মন্তব্য	প্রদত্ত সহায়তা
১।	নাটোর	নাম- মো: মকবুল হোসেন (৫০), পিতা- মো: হরমত মন্ডল, গ্রাম- বিয়াঘাট, ইউপি- বিয়াঘাট, উপজেলা- গুরুদাসপুর	২১.০৫.২০২১ খ্রিঃ	নিহত	
২।	বগুড়া	নাম- মো: আ: হান্নান (৩৫), পিতা- মো: হারেজ আলী, গ্রাম- টাকুরায়, ইউপি- ভাটরা, উপজেলা- নন্দীগ্রাম	২১.০৫.২০২১ খ্রিঃ	নিহত	

### অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২০ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২১ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৯	২	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৭	০	০
	মোট	২১	২	০

### দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ১৮/০৫/২০২১ তারিখে ১৬২ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলার মোট ৪,৫৭০ টি ইউনিয়নের অনুকূলে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে সর্বমোট ১১৪,২৫,০০,০০০/- (একশত চৌদ্দ কোটি পঁচিশ লক্ষ) মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদাণ করা হলো।

২। ১৮/০৫/২০২১ তারিখে ১৬৩ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলার মোট ৩২৮ টি পৌরসভার অনুকূলে বিভিন্ন হারে সর্বমোট ৫,৬৭,৫০,০০০/- (পাঁচ কোটি সাতষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হলো।

৩। ১৮/০৫/২০২১ তারিখে ১৬৪ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলা ও ১২ টি সিটি কর্পোরেশনে বিভিন্ন হারে সর্বমোট ১,৭৭,৫০,০০০/- (এক কোটি সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হলো।

৪। ১৯/০৫/২০২১ তারিখে ১৬৭ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শরীয়তপুর -২ নির্বাচনী এলাকার সখিপুর থানার দক্ষিণ তারাবুনিয়া ইউনিয়ন পরিষদ বাজারে গত ১৭/০৫/২০২১ খ্রিঃ তারিখের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ১৬ টি দোকানপাট মেরামতের জন্য মানবিক সহায়তা হিসেবে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	জেলা/ নির্বাচনী এলাকা	ডেউটিন বরাদ্দের পরিমাণ (বান্ডিল)	গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা)
০১	শরীয়তপুর (শরীয়তপুর -২ নির্বাচনী এলাকার সখিপুর থানার জন্য)	(১৬X৩) = ৪৮ (আটচল্লিশ) বান্ডিল	(৩,০০০X ৪৮) = ১,৪৪,০০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার)



২২-৫-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৬/১(১৭০)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৮

২২ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



২২-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা